

পরিকল্পনা/সংস্কৃত
শব্দার্থ মিনা
১৫/১০/২০

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ
www.nidw.gov.bd

উপজেলা নির্বাচন অফিস
মেহেরপুর সদর
ডায়েরি নম্বর ৬২
তারিখ ০৬/১০/২০
১। অফিস সহকারী
২। ডাটা এন্ট্রি অপারেটর
৩। স্ক্যানিং অপারেটর


স্মারক নং-১৭.০৩.০০০০.০৬২.৪১.০০৯.১৭ ২১০

তারিখঃ ০৫ অক্টোবর, ২০২০ খ্রিঃ

বিষয়ঃ স্মার্ট জাতীয় পরিচয়পত্র বিতরণের ক্ষেত্রে নিবন্ধন স্লিপ ও পেপার লেমিনেটেড কার্ড হারিয়ে গেলে করণীয় প্রসংগে।

উপর্যুক্ত বিষয় জানানো যাচ্ছে যে, কোন ভোটারের নিবন্ধন স্লিপ বা পেপার লেমিনেটেড জাতীয় পরিচয়পত্র হারিয়ে গেলে তাদের স্মার্ট জাতীয় পরিচয়পত্র বিতরণের সময় নিম্নবর্ণিত নির্দেশনা প্রতিপালনপূর্বক স্মার্ট কার্ড প্রদানের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা যাচ্ছেঃ

- ক) স্মার্ট কার্ড বিতরণের সময় ভোটারের পেপার লেমিনেটেড কার্ড পাঞ্চ করে ফেরত প্রদানের পাশাপাশি দশ আংগুলের ছাপ ও চোখের আইরিশ গ্রহণ করে স্মার্ট কার্ড প্রদান করতে হবে।
 - খ) যেসকল ভোটারের লেমিনেটেড কার্ড হারিয়ে গেছে তাদের ক্ষেত্রে লেমিনেটেড কার্ডের ফটোকপি যদি থাকে তা দেখে পরিচয় নিশ্চিত করে দশ আংগুলের ছাপ ও চোখের আইরিশ গ্রহণ করে স্মার্ট কার্ড প্রদান করতে হবে। দি কারো এনআইডি'র ফটোকপি না থাকে সেক্ষেত্রে এনআইডি নম্বর উল্লেখপূর্বক জিডি কপি গ্রহণ করে পরিকল্পনা নিশ্চিতপূর্বক স্মার্ট কার্ড প্রদান করতে হবে। এক্ষেত্রে কোন প্রকার ফি গ্রহণের প্রয়োজন হবে না।
 - গ) নতুন নিবন্ধিত ভোটারের নিবন্ধন স্লিপ হারিয়ে গেলে ভোটারের পরিচয় নিশ্চিত হয়ে প্রযোজ্য ক্ষেত্রে ভোটারের চোখের আইরিশ ও দশ আঙ্গুলের ছাপ গ্রহণপূর্বক কোন প্রকার ফি ছাড়াই স্মার্ট কার্ড প্রদান করতে হবে।
- ২। অন্যান্য ক্ষেত্রে জাতীয় পরিচয় নিবন্ধন বিধিমালা, ২০১৪ এর বিধি ৬ ও ৮ অনুসরণপূর্বক কার্যসম্পাদনের জন্য অনুরোধ করা যাচ্ছে।
 - ৩। ইতোপূর্বে জারীকৃত এতদসংক্রান্ত নির্দেশনা বাতিল করা হলো।


মুহাম্মদ হাসানুস্‌সামান
পরিচালক (প্রশাসন)

জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

- ১। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা..... (সকল অঞ্চল)
- ২। সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার (সকল)
- ৩। উপজেলা/থানা নির্বাচন অফিসার..... (সকল)

অনুলিপি সদয় অবগতির জন্যঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। প্রকল্প পরিচালক, আইডিয়া (২য় পর্যায়) প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
- ২। পরিচালক (সকল), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
- ৩। উপ-পরিচালক/সহকারী পরিচালক..... (সকল), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৫। মহাপরিচালক, প্রকল্প-১, মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)